

বরিশালে তরুণী স্কুলশিক্ষিকা ধর্ষণের শিকার

বরিশাল প্রতিনিধি : শহরতলিতে স্কুল ছুটি শেষে বাড়ি ফেরার পথে প্রকাশ্য দিবালোকে স্কুলশিক্ষিকা এক হিন্দু তরুণী ধর্ষিত হয়েছেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত এই ধর্ষণের ঘটনায় কোনো মামলা হয়নি এবং বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টা চলছে। ● এরপর পৃষ্ঠা ২ কলাম ১

বরিশালে তরুণী

● প্রথম পাতার পর

এলাকাবাসী জানান, গত সোমবার দুপুর ২টার দিকে শহরতলির টুঙ্গীবাড়িয়া ইউনিয়নের বিশারোখ গ্রামে এই নারকীয় ঘটনা ঘটিয়েছে এলাকার চিহ্নিত সন্ন্যাসী, সন্ন্যাসী, জুয়াড়ি নাক্ট শিকদার স্থানীয় বি কে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষিকা এ তরুণীটি (২৬) স্কুল ছুটির পর বাড়ি ফেরার পথে সন্ন্যাসী নাক্ট শিকদার ও তার সহযোগীদের হাতে অস্ত্রের মুখে অপহৃত হন। তাকে নিকটবর্তী রাজবাড়িতে নিয়ে গিয়ে আটকে রেখে নাক্ট শিকদার ধর্ষণ করে। বিকালে ছাড়া পেয়ে বাড়ি ফিরে এসে সন্ন্যাসীদের ভয়ে এবং লোকলজ্জায় এ শিক্ষিকা আত্মগোপন করেন।

কোতোয়ালি থানা ঘটনাটি শোনার কথা স্বীকার করলেও কোনো মামলা হয়নি বলে জানিয়েছে। এদিকে ধর্ষক নাক্ট শিকদার নিজের কুর্কীতি ধামাচাপা দেওয়ার জন্য চাপ প্রয়োগ এবং আপোসরফা করার জন্য স্কুলের প্রধান শিক্ষকের কাছে তদবির গুল্প করেছে। এ ঘটনায় স্কুলের ছাত্রছাত্রী, শিক্ষক, অভিভাবকদের মধ্যেও ত্রাস এবং ক্ষোভের সৃষ্টি করেছে।